২৭/১০/২০০০

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ৩ … ৬

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বিএনপি সমর্থক শিক্ষক সংগঠন জিয়া পরিষদের একটি অংশের প্রচন্ড চাপ ও দাবীর মুখে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর লুৎফর রহমান শুধু 'রুটিন ওয়ার্ক'

(১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

ব্যতীত অন্য কোন কার্যক্রম পরিচালনা হইতে বিরত রহিয়াছেন। গত ৫ দিন যাবৎ এই অবস্থা অব্যাহত থাকায় প্রশাসনে স্থবিরতা ও বিশৃংখলা দেখা দিয়াছে। উপরন্তু ট্রেজারারের পদ শূন্য থাকায় এই সংকট তীব্র আকার ধারণ করিয়াছে। ভিসি'র উপর এহেন চাপ প্রয়োগের বিষয় নিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠনসমূহ রীতিমত বাকযুদ্ধে নামিয়াছেন। পাল্টা-পাল্টি অভিযোগপূর্ণ বিবৃতির কারণে ক্যাম্পাসে উত্তপ্তাবস্থা বিরাজ করিতেছে। জিয়া পরিষদের শিক্ষক প্রতিনিধিদল ভিসিকে অবিলম্বে পদত্যাগ করিয়া ক্যাম্পাস ত্যাগের একদফা ঘোষণা করিলে এই অচলাবস্থার সৃষ্টি হয়। জিয়া পরিষদের একটি পাল্টা গ্রুপ ভিসির পক্ষ লইলে সংকট ভিন্ন মাত্রা পায়।

গত রবিবার জামায়াত সমর্থক শিক্ষক সংগঠন গ্রীন ফোরামের সভাপতি ডঃ আ ব ম মুখলেছুর রহমান ও সাধারণ সম্পাদক ডঃ হান্নান শেখ এক যুক্ত বিবৃতিতে প্রধানমন্ত্রী ও এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর খালেদা জিয়ার দৃষ্টি আকর্ষণ করিয়া বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের লালিত স্বপ্নের ইসলামী বিশ্ববিদ্যালয় বিগত সরকারের নির্লজ্জ দলীয়করণ, অনিয়ম ও ইসলাম বিদ্বেষী ভূমিকার কারণে ইহার মূল লক্ষ্য-উদ্দেশ্য হইতে অনেকদূরে সরিয়া গিয়াছে। বর্তমানে এখানে চরম স্থবিরতা বিরাজ করিতেছে। বিবৃতিতে অবিলম্বে একজন ইসলামী চরিত্রের ভিসি নিয়োগ দিয়া এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার মূল লক্ষ্য বাস্তবায়নে প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করা হয়।